# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৫৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ أَهْلِ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْعَبَّاسُ مِنِّي وَأَنَا مِنْهُ» رَوَاهُ التِّرْمِذِيّ

اسناده ضعیف ، رواه الترمذی (3759 وقال : حسن صحیح غریب) * فیه عبد الاعلی الثعلبی : ضعیف ۔
(ضَعِيف)

বাংলা

৬১৫৭-[২৩] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আব্বাস আমার সাথে জড়িত আর আমি তাঁর সাথে জড়িত। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৭৫৯, নাসায়ী ৪৭৭৫; কারণ ‘আবদুল আ'লা য'ঈফ, যঈফাহ্ ২৩১৫, মুসনাদে আহমাদ ২৭৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْعَبَّاسُ مِنِّي) এর তিনটি অর্থ হতে পারে- (১) আমার নিকটস্থ ব্যক্তি, (২) আহলে বায়তের অন্তর্ভুক্ত, (৩) আমার সাথে সম্পৃক্ত। 'আব্বাস (রাঃ) নবী (সা.) -এর দুই বছরের বড় ছিলেন। তাঁকে যখন জিজ্ঞেস করা হত আপনি বড় নাকি রাসূল! উত্তরে তিনি বিনয়-নম্রতা, শিষ্টাচার প্রকাশার্থে বলতেন, নবী (সা.) বড় আর আমি অনেক ছোট। মুল্লা আলী ক্বারী (রহিমাহুল্লাহ) বলেন, 'আব্বাস (রাঃ)-এর মা নামির ইবনু কাসিত-এর মেয়ে ছিলেন।

নামির ইবনু কাসিত হলেন ‘আরবের প্রথম ব্যক্তি, যে কা'বা ঘরে রেশমী কাপড় পরান। এর কারণ হলো ‘আব্বাস (রাঃ) ছোট থাকতে হারিয়ে যান। তাই তিনি মানৎ করেন যদি তাকে খুঁজে পান তাহলে কা'বাহ্ ঘরে কাপড় পরাবেন। 'আব্বাস (রাঃ) জাহিলী যুগে নেতা ছিলেন। তাঁর দায়িত্বে ছিল হাজীদের পানি পান করানো ও মসজিদ রক্ষণাবেক্ষণের কাজ।
মুজাহিদ (রহিমাহুল্লাহ) বলেন, 'আব্বাস (রাঃ) মৃত্যুর সময় ৭০টি দাস মুক্ত করেন। তিনি আসহাবে ফিলের বা “হস্তিবাহিনী” ঘটনার ১ বছর পূর্বে জন্মগ্রহণ করেন এবং ৩২ হিজরীতে ৮৮ বছর বয়সে মৃত্যুবরণ করেন। বাকী' নামক কবরস্থানে তাকে দাফন করা হয়। তিনি অনেক পূর্বে ইসলাম গ্রহণ করেন কিন্তু গোপন রাখেন। বদর যুদ্ধে তিনি মুশরিকদের সাথে অনিচ্ছা সত্ত্বেও বের হন। তাই নবী (সা.) বলেছেন, যার সাথে ‘আব্বাস -এর সাক্ষাৎ হবে সে যেন তাঁকে হত্যা না করে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86133

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন